



জেলা পরিষদ কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
www.zpchapainawabganj.gov.bd



স্মারক নংঃ ৪৬.৪৩.৭০০০.০০২.৩৬.০০১.১৯.৫৮

তারিখ: ২৬ মার্চ, ১৪২৬ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারী, ২০২০ খ্রীষ্টাব্দ

বিষয়: চাঁপাইনবাবগঞ্জ জেলা পরিষদের চেয়ারম্যান এর বাসভবন নির্মাণ করার প্রস্তাব অনুমোদন প্রসঙ্গে।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের ২৭/০৭/২০১৭ইং তারিখের স্মারক নং ৪৬.৪২.৭৮০০.০০০.৯৯.০৬৫.১৭.১৫৮৪ নং স্মারকস্ব পত্র।


উপর্যুক্ত ও সূত্রের আলোকে মহোদয়ের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চাঁপাইনবাবগঞ্জ জেলা পরিষদ কমিটির ০৫/০২/২০২০ইং তারিখে অনুষ্ঠিত মাসিক সভায় চাঁপাইনবাবগঞ্জ জেলা পরিষদ অফিস চত্বরে অবস্থিত চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলার হুজরাপুর মৌজার আরএস ২০১নং দাগের ০.১৮৬৯ একর জমির কাতে ০.১২৬৩৯ একর জমি সহ দাগ নং ২০২ এ ১৭.৬২ শতকের অংশে ১৪.৩১ শতক মোট ৩৩ শতক (১ বিঘা বা ২০ কাঠা) জমিতে জেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবন নির্মাণের আবশ্যিকতা আছে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। জমিটি জেলা পরিষদ এর মালিকানাধীন এবং জেলা পরিষদ অফিস কমপ্লেক্সের অভ্যন্তরে অবস্থিত ও এতে কোন অপদখল নেই বিধায় নিম্নলিখিত আছে।

এমতাবস্থায়, চাঁপাইনবাবগঞ্জ জেলা পরিষদের মালিকানাধীন সদর উপজেলার হুজরাপুর মৌজার আরএস ২০১নং দাগের ০.১৮৬৯ একর জমির কাতে ০.১২৬৩৯ একর পরিষদ অভ্যন্তরের জমি সহ দাগ নং ২০২ এ ১৭.৬২ শতকের অংশে ১৪.৩১ শতক সহ মোট ৩৩ শতক (১ বিঘা বা ২০ কাঠা) জমির সংস্থান থাকায় উক্ত তফসিলে চাঁপাইনবাবগঞ্জ জেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবন নির্মাণের প্রস্তাব সদয় অনুমোদনের জন্য বিনীত অনুরোধ জ্ঞাপন করা হলো।

সংযুক্ত: ১) উপস্থিতির স্বাক্ষরসহ সভার কার্য-বিবরণীর সংশ্লিষ্ট সভায়িত পাতা: ০৫ ফর্দ।

২) নির্বাচিত স্থানের তফসিল ও কাগজপত্র (রেকর্ডস/নকশা/স্কেচ বা হাত নকশা): ০৪ ফর্দ।

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ উপ সচিব, জেলা পরিষদ অধিশাখা)


ড. মোঃ সাহিফুল আলিম
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ)
জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
ফোন : ০৭৮৭১/৬২৬৪৬ (অঃ)
ceo@zpchapainawabganj.gov.bd

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

- ১) বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী। (দৃ:আ: পরিচালক, স্থানীয় সরকার)।
- ২) জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ। (দৃ:আ: উপ-পরিচালক, স্থানীয় সরকার)।
- ৩) চেয়ারম্যান/ সদস্য (সকল), জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
- ৪) সহকারী/উপ-সহকারী প্রকৌশলী/প্রশাসনিক কর্মকর্তা/হিসাবরক্ষক/প্রধান/উচ্চমান সহকারী, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
- ৫) দপ্তর কপি/ওয়েবসাইট, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।